



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

## সেনবাগ সরকারি কলেজ

সেনবাগ, নোয়াখালী।



www.senbagcollege.gov.bd E-mail- senbaggovt.college@yahoo.com, Mobile: 01754640463

স্মারক নং

তারিখ:

অত্র কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক উপবৃত্তি প্রদানের লক্ষ্যে উপবৃত্তির জন্য আবেদন ফরম সরবরাহ করা হয়েছে। আবেদন ফরম কলেজ ওয়েবসাইট থেকে ([www.senbagcollege.gov.bd](http://www.senbagcollege.gov.bd)) ডাউনলোড করে সঠিকভাবে পূরণ করে আগামী ০৭/০২/২০২৩ থেকে ১৬/০২/২০২৩ তারিখের মধ্যে কলেজ অফিসে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করে জমা দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

### এ্যাকাউন্ট খোলার নিয়মাবলি :

- ১। আবেদনকারী শিক্ষার্থী নিজ দায়িত্বে উপবৃত্তির অর্থ প্রাপ্তির লক্ষ্যে পছন্দের যে কোনো অনলাইন ব্যাংক এ্যাকাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট), মোবাইল ব্যাংকিং এ্যাকাউন্ট (বিকাশ, নগদ, রকেট) ব্যবহার করতে পারবে।
- ২। উপবৃত্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে অনলাইন ব্যাংক এ্যাকাউন্ট/ মোবাইল ব্যাংকিং এ্যাকাউন্ট খুলতে হবে। কেবলমাত্র পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের নামে এ্যাকাউন্ট খুলতে পারবে।
- ৩। পিতা/মাতা/অভিভাবক (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) যার নামে এ্যাকাউন্ট খোলা হয়েছে অভিভাবক ও হিসাবধারীর নামের জায়গায় তার নাম উল্লেখ করতে হবে।
- ৪। ইতঃপূর্বে পিতা/মাতার নামে জাতীয় পরিচয় পত্র দিয়ে কোনো বৈধ ও সচল মোবাইল ব্যাংকিং এ্যাকাউন্ট খোলা থাকলে নতুন করে এ্যাকাউন্ট খোলার প্রয়োজন নেই। উক্ত এ্যাকাউন্ট শিক্ষার্থীর উপবৃত্তি প্রাপ্তির জন্য ব্যবহার করা যাবে।
- ৫। শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবলমাত্র পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।

### নিম্নোক্ত কগজপত্রাদি জমা দিতে হবে:

- (ক) এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি।
  - (খ) ০১ (এক) কপি ছবি।
  - (গ) যার নামে এ্যাকাউন্ট হবে তার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
  - (ঘ) পিতা/মাতার মাসিক আয়ের সনদ দিতে হবে (ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র প্রদত্ত)।
  - (ঙ) শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা)।
  - (চ) পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।
  - (ছ) পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।
- বি:দ্র: শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নীতিমালা ও গাইডলাইন অনুসরণের মাধ্যমে আবেদনকৃত শিক্ষার্থীদের মধ্যে থেকে উপকারভোগী শিক্ষার্থী নির্বাচন করা হবে।

(প্রফেসর এ কে এম সেলিম চৌধুরী -৩১৭৮)

অধ্যক্ষ

সেনবাগ সরকারি কলেজ

সেনবাগ, নোয়াখালী।